

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী

সভার তারিখঃ ০৬/০৬/২০২২ খ্রিঃ তারিখ, রোজ- সোমবার

সভার সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা।

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট এর অফিস কক্ষ।


সভাপতিঃ জনাব মোঃ ইকবাল হোসেন, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।

উপস্থিত সদস্যবৃন্দ পরিশিষ্ট- “ক”

সভার প্রারম্ভে সকলকে স্বাগত জানিয়ে সভাশুরু করা হয়। সকলের উপস্থিতিতে বাগেরহাট জেলার মোংলা উপজেলার সমাজকল্যাণ কমিটির সভায় নিম্নোক্ত আলোচনা হয় এবং নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

আলোচনার বিষয় ও আলোচনা	গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদনঃ আলোচনার শুরুতে অত্র কমিটির সদস্য সচিব ও উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান এবং কোন ধরনের সংশোধনী থাকলে উপস্থাপনের জন্য সম্মানিত সদস্যদের দৃষ্টি আকর্ষণ করেন।	১। কোন ধরনের সংশোধনী না থাকায় বিগত সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	১। উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট ও সদস্য সচিব, উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি
২। সরকারি সেবা প্রাপ্তি সহজীকরণে সরকারি হটলাইন নম্বর ও এ্যাপসসমূহ ব্যবহারে জনসচেতনতা সৃষ্টিতে প্রচারণা শীর্ষক উপ-প্রকল্প গ্রহণ সংক্রান্ত আলোচনাঃ কমিটির সদস্য সচিব আরও জানান যে, সরকারি সেবা সহজীকরণের জন্য বিভিন্ন হটলাইন এবং এ্যাপস চালু করেছেন। কিন্তু জনগণ এসব সেবা সম্পর্কে খুব একটা সচেতন নয়। তাদের মধ্যে সচেতনতা আনার জন্য উপজেলার বিভিন্ন স্তরের জনপ্রতিনিধি, বিভিন্ন সামাজিক ও পেশাভিত্তিক প্রতিনিধি ও সাধারণ জনগনকে নিয়ে একটি প্রশিক্ষণ আয়োজন করা যায় কিনা সেই বিষয়ে তিনি সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরও উল্লেখ করেন যে, এই প্রশিক্ষণের মাধ্যমে সরকারি সেবা প্রাপ্তি সহজীকরণে সরকারি হটলাইন নম্বর ও এ্যাপস ব্যবহারে জনসচেতনতা বৃদ্ধি পাবে এবং সরকারি সেবা জনগনের দোরগোড়ায় পৌঁছানো সম্ভব হবে। তিনি উক্ত প্রশিক্ষণের জন্য একটি প্রশিক্ষণ পরিকল্পনা সভায় উপস্থাপন করেন।	২। উপস্থিত সদস্যরা এই বিষয়ে তাঁদের মতামত প্রদান করেন। দীর্ঘ আলোচনা শেষে সরকারি সেবা প্রাপ্তি সহজীকরণে সরকারি হটলাইন নম্বর ও এ্যাপসসমূহ ব্যবহারে জনসচেতনতা সৃষ্টিতে সদস্য সচিবের প্রশিক্ষণ পরিকল্পনা সভায় অনুমোদিত হয় এবং চূড়ান্ত অনুমোদনের জন্য উপজেলা সমন্বয় সভায় প্রেরণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।	২। উপজেলা সমাজসেবা অফিসার, মোংলা, বাগেরহাট ও সদস্য সচিব, উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি

সভায় আর কোন আলোচনার বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করা হয়।


০৬/০৬/২২

(মোঃ ইকবাল হোসেন)

ভাইস চেয়ারম্যান

উপজেলা পরিষদ

মোংলা, বাগেরহাট

ও

সভাপতি

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি

স্মারক নম্বরঃ ৪১.০১.০১৫৮.০০০.০৩৯.১৮.৮৩


তারিখঃ ০৬/০৬/২০২২ খ্রিষ্টাব্দ

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মোংলা, বাগেরহাট।

২। উপজেলা নির্বাহী অফিসার, মোংলা, বাগেরহাট।

৩। অফিস কপি।


০৬.০৬.২২

(এস এম মাসুদ রানা)

উপজেলা সমাজসেবা অফিসার

মোংলা, বাগেরহাট

ও

সদস্য সচিব

উপজেলা সমাজকল্যাণ সংক্রান্ত স্থায়ী কমিটি